**PRESS RELEASE**

**RESERVE BANK OF INDIA**

**PRESS RELATIONS DIVISION**, Central Office, Post Box 406, Mumbai 400001
Phone: 2266 0502 Fax: 2266 0358, 2270 3279

www.rbi.org.in
www.rbi.org.in\hindi
e-mail: helpprd@rbi.org.in

৩১শে আগস্ট ২০০৬

**স্টার সিরিজের ব্যাংক নোটের প্রচলন**

ভারতীয় রিজার্ভ ব্যাংক খুব শীঘ্রই স্টার সিরিজের ব্যাংকনোট প্রচলন করবে। এইগুলি শুরুতে মহাত্মা গান্ধী-২০০৫ সিরিজের ১০, ২০ ও ৫০ রুপীর নোটে প্রচলিত হবে। এই স্টার সিরিজের নোটগুলি বর্তমানের ১০, ২০ ও ৫০ রুপীর নোটের মতই এক দেখতে হবে কিন্তু তাতে একটি অতিরিক্ত অক্ষর থাকবে, অর্থাৎ একটি * (স্টার) নোটের নম্বর প্যানেলে প্রথম সংখ্যা ও ক্রমিক সংখ্যার মধ্যে থাকবে। সেইমতো, ভারতীয় রিজার্ভ ব্যাংকের প্রচলন করা নতুন ব্যাংক নোটের প্যাকেটে এই রকম একটি * (স্টার) নোটের নম্বর প্যানেলে প্রথম সংখ্যা ও ক্রমিক সংখ্যার মধ্যে থাকতে পারে। যে ব্যাংক নোটের প্যাকেটে স্টার সিরিজের নোট থাকবে সেই ব্যাংক নোটের প্যাকেটে এই কথাটি পরিষ্কারভাবে লেখা থাকবে। নতুন নোটের প্যাকেটে যেখানে স্টার সিরিজের নোট থাকবে, সেখানে আগের মতোই ১০০টি নোট থাকবে এবং স্টার সিরিজের নোটটি প্যাকেটের শেষের দিকে থাকবে। এই স্টার সিরিজের নোটগুলি আইন স্বীকৃত মুদ্রা এবং জনসাধারণকে অনুরোধ করা হচ্ছে তাঁরা যেন নির্দ্বিধায় এই নোট গ্রহণ ও ব্যাবহার করেন।

ভারতীয় রিজার্ভ ব্যাংক যে নতুন ব্যাংক নোটের প্যাকেট ছাড়ে সেগুলি ১ থেকে ১০০ ক্রমিক সংখ্যায় সাজানো থাকে। প্রতিটি ব্যাংকনোটে একটি নির্দিষ্ট ক্রমিক সংখ্যা থাকে এবং তাদের একটি সংখ্যার আগে একটি প্রথমাংশ থাকে। বর্তমানে ত্রুটিপূর্ণভাবে ছাপা ব্যাংকনোটগুলি নোট ছাপাখানায় পরিবর্তিত করা হচ্ছে ভালো নোটগুলি দিয়ে এবং এই নোটগুলিতেও একই নম্বর রাখা হয় যাতে প্যাকেটের ক্রমিক সংখ্যা ঠিক রাখা যায়। এই পদ্ধতিতে যেমন অতিরিক্ত সময়/খরচ এবং মানুষের হস্তক্ষেপ।

আন্তর্জাতিক প্রক্রিয়ায় নিজেদের উন্নীত করতে, খরচ বাঁচাতে এবং নোট ছাপাখানায় সর্বোচ্চ উৎপাদনশীলতার লক্ষ্যে ভারতীয় রিজার্ভ ব্যাংক স্টার সিরিজের ব্যবস্থা নিয়েছে যার দ্বারা ত্রুটিপূর্ণ ভাবে ছাপা ব্যাংক নোট ভালো নোটে পরিবর্তিত করা যায়। এই সিদ্ধান্তটি বার্ষিক নীতি বিবৃতি ২০০৬-০৭-এর অন্তর্গত হিসাবে এই বছরের এপ্রিলে ঘোষণা করা হয়েছিল।

**আল্পনা কিল্লাওয়ালা**
চিফ জেনারেল ম্যানেজার

**প্রেস বিজ্ঞপ্তি : 2006-2007/ 307**